অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/7/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল আপস্টেট নিউ ইয়র্কে দারিদ্র্যের বিরুদ্ধে লড়াইয়ের চেষ্টার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার ঘোষণা করলেন

FY 2025-এর বাজেটে শিশু দারিদ্র্য কম করার জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ আছে

নিউ ইয়র্কের সর্বোচ্চ দারিদ্র্যের হারের কয়েকটি রচেস্টার, বাফেলো এবং সিরাকিউজ আছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে রচেস্টার (Rochester), বাফেলো (Buffalo) এবং সিরাকিউজে (Syracuse) দারিদ্র্যের বিরুদ্ধে লড়াই করার নতুন ধাপ ঘোষণা করলেন, এই তিনটি কমিউনিটিকে বাছাই করা হয়েছে কারণ নিউ ইয়র্ক স্টেটের (New York State) যেকোনো সর্বোচ্চ দারিদ্র্যের হারের মধ্যে কয়েকটি এখানে আছে। গভর্নর Hochul-এর (হোকল) ফিসক্যাল ইয়ার (Fiscal Year, FY) 2025-এর বাজেটে এই দারিদ্র্য বিরোধী প্রোগ্রামের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার আছে, যা এখন এইসব কমিউনিটির কমিউনিটিভিত্তিক গোষ্ঠীরা ব্যবহার করছে।

"নিউ ইয়র্কের বিকশিত হওয়ার এবং সমৃদ্ধি করার সুযোগ সকল পরিবারের পাওয়া উচিত, এবং এটিকে বাস্তব করতে রিসোর্স দেওয়ার জন্য আমি অঙ্গীকারবদ্ধ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "প্রায় এক শতাব্দীর মধ্যে আপস্টেট নিউ ইয়র্ক থেকে হওয়া প্রথম গভর্নর হিসেবে আমি জানি যে আমাদের প্রতিবেশীদের অনেকেই দৈনিক চাহিদা পূরণ করতে হিমশিম খাচ্ছে। একসাথে কাজ করে আমরা দারিদ্র্যের সাথে লড়াই করবো এবং যে পরিবারের প্রয়োজন সবথেকে বেশি তাদের উন্নতি করবো।"

দারিদ্র্যে বাস করা পরিবারগুলির এই বাড়াতে এবং পরিবারের সুস্থতা উন্নত করতে সাহায্য করার জন্য অতি প্রয়োজনীয় রিসোর্স নিয়ে আসতে রচেস্টার, বাফেলো এবং সিরাকিউজ সিটি FY 2025-এর বাজেটে থাকা 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ করছে। নিজেদের পরিকল্পনা তৈরি ও চূড়ান্ত করার জন্য নিজেদের কাউন্টির ডিপার্টমেন্ট অফ সোশ্যাল সার্ভিসেসের (Department of Social Services) সাথে কাজ করার সময় প্রত্যেক লোক্যালিটি কমিউনিটির মতামত চেয়েছে এবং পেয়েছে।

মনরো কাউন্টি ডিপার্টমেন্ট অফ হিউমেন সার্ভিসেস (Monroe County Department of Human Services) কম আয়ের পরিবারের আর্থিক অবস্থা জোরদার করতে এবং রচেস্টার সিটিতে দারিদ্র্য

কর্ম করতে তিনটি টার্গেটেড কৌশল বাস্তবায়ন করার জন্য 25 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করবে। এই কৌশলগুলির মধ্যে আছে মাতৃকালীন স্বাস্থ্যকে সমর্থন করে এমন কর্মকাণ্ডে অংশগ্রহণ করতে রাজি হওয়া গর্ভবতী নারীদের জন্য একটি মাসিক নগদ ইন্সেন্টিভ প্রোগ্রাম, এবং সেই সাথে ভাড়ার ভর্তুকি এবং উন্নতির দিকে অগ্রসর হওয়ার জন্য মেন্টরিং প্রোগ্রাম।

- তাদের অনুমান করা ডেলিভারির তারিখের 180 দিনের মধ্যে শুরু হয়ে, রচেস্টারের নির্দিষ্ট কিছু জিপ কোডের 200 জন পর্যন্ত টেম্পোরারি অ্যাসিস্টেন্স ফর নিডি ফ্যামিলিজের (Temporary Assistance for Needy Families, TANF) যোগ্য গর্ভবতী নারীরা দুই বছর পর্যন্ত প্রতি মাসে 1000 মার্কিন ডলার করে একটি নগদ ইন্সেন্টিভ, এবং একই সাথে কেস ব্যবস্থাপনার সমর্থন, প্রিন্যাটাল হেলথকেয়ার রেফারেল, এবং মাতৃকালীন মৃত্যু এবং নবজাতকের মৃত্যু কমানোর সেবা পাওয়ার যোগ্য হবে। এছাড়াও অংশগ্রহণকারীদের অন্যান্য কর্মকাণ্ড করতে হবে যা মেন্টাল হেলথকে সমর্থন করে এবং স্বয়ংসম্পূর্ণতা ও উন্নতির দিকে অগ্রসর হওয়ার প্রচার করে।
- ভাড়ার ভর্তুকির প্রোগ্রামটি রচেস্টারের নির্দিষ্ট জিপ কোডে বাস করা বর্তমানে টেম্পোরারি অ্যাসিস্টেন্স (Temporary Assistance) পাওয়া 100 পরিবারকে দুই বছর ধরে একটি মাসিক সহায়তা দিবে। ভর্তুকি পাওয়া পরিবারগুলি এছাড়াও কেস ব্যবস্থাপনা, আর্থিক কাউন্সেলিং এবং নিজেদের আয় বাড়ানোর জন্য প্রয়োজনীয় সমর্থন পাবে যাতে করে তাদের মোট মাসিক ভাড়া তাদের মাসিক আয়ের 30 শতাংশের বেশি না হয়।
- Upward Mobility Mentoring প্রোগ্রামটি 1,200টি পর্যন্ত TANF-এর জন্য যোগ্য পরিবারকে সরাসরি সমর্থন এবং নগদ সাহায্য দিবে যার উদ্দেশ্য হবে পরিবারের দীর্ঘমেয়াদি অর্থনৈতিক সম্ভাবনার উপর একটি অর্থপূর্ণ ও টেকসই প্রভাব রাখা। প্রোগ্রামটি উন্নতির দিকে অগ্রসর হওয়ার পাঁচটি খুঁটি নিয়ে কাজ করবে: পরিবারের স্থিতিশীলতা, সুস্থতা, আর্থিক ব্যবস্থাপনা, শিক্ষা/ট্রেনিং, এবং চাকরি/ক্যারিয়ার। নাম লেখানো প্রত্যেক পরিবার উন্নতির দিকে অগ্রসর হওয়ার জন্য স্বতন্ত্র জীবন পরিকল্পনা তৈরি করবে এবং নিজেদের দীর্ঘমেয়াদি সাফল্যের জন্য সম্ভাবনা সর্বোচ্চ করতে কোচিং ও আর্থিক কাউন্সেলিংয়ে অংশগ্রহণ করবে।

ওনোন্ডাগা কাউন্টি ডিপার্টমেন্ট অফ সোশ্যাল সার্ভিসেস (Onondaga County Department of Social Services) জেনারেশনাল দারিদ্র্যের সমাধান, হাউজিং স্থিতিশীলতার প্রচার, স্কুলে উপস্থিত হওয়ার হার বাড়ানো এবং টেম্পোরারি অ্যাসিস্টেন্সের জন্য যোগ্য পরিবারকে বিনামূল্যে ডায়াপার বিতরণ করার উদ্দেশ্যে 12.5 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করবে।

- বিদ্যমান 2Gen Onondaga পাইলট প্রজেক্টটিকে বড় করা হবে, যা টেম্পোরারি অ্যাসিস্টেন্স পাওয়া শিশুসহ সিরাকিউজের পরিবারের জন্য নিবিড় কেস ব্যবস্থাপনা এবং ট্রমা-অবগত লক্ষ্য স্থির করবে যাতে পরিবারের সুস্থতাকে আরো ভালোভাবে বাড়ানো যায়। এছাড়াও এই প্রোগ্রামটি "বেনিফিট ক্লিফের" অনুভূত প্রভাব সহজ করতে সাহায্য করার জন্য পেমেন্ট দেওয়ার মাধ্যমে চাকরি ধরে রাখতে উৎসাহিত করে। অংশগ্রহণকারী যেসব গৃহস্থালির আয় অ্যাসিস্টেন্সের যোগ্যতার বেশি হয় তারা 12 মাস পর্যন্ত তাদের মাসিক বেনিফিট পেতে থাকবে, এরপর ধীরে ধীরে বেনিফিটকে শূন্যে

নামিয়ে আনা হবে। পাশাপাশি, এই পরিকল্পনাটি নন-কাস্টডিয়াল প্যারেন্টদের চাইল্ড সাপোর্ট অর্ডার কমিয়ে আনতে সাহায্য করার মাধ্যমে তাদের সমর্থন করে যাতে তাদের সামর্থ্যের মধ্যে কী আছে তা আরো ভালোভাবে দেখা যায় এবং তাদেরকে চাকরি ও প্যারেন্টিং প্রোগ্রামের সাথে যুক্ত করা যায়।

- Central New York Centralized Housing Assistance and Network for Community Engagement (CNY CHANCE) প্রোগ্রামটি তৈরি করা হয়েছে একটি বাড়তে থাকা কঠিন হাউজিং বাজারকে সহজ করতে সাহায্য করার জন্য। প্রোগ্রামটিতে আছে হাউজিং স্থিতিশীলতা উন্নত করার জন্য অনেক ধরণের চেষ্টা, যেমন, একটি হাউজিং ডেটাবেজ তৈরি, বাড়ির মালিকদের জড়িত করা এবং ইন্সেন্টিভ, এবং সাশ্রয়ী হাউজিং তৈরির ব্যাপারে অ্যাডভোকেসি, ইত্যাদি।
- ফুল টাইম উপস্থিতির লিয়াজোঁদের সিরাকিউজ সিটি স্কুল ডিস্ট্রিক্টে যুক্ত করা হবে যাতে টেম্পোরারি অ্যাসিস্টেন্স পাওয়ার যোগ্য বা পাচ্ছে এমন পরিবারের যে শিশুরা উপস্থিতির বিষয়ে সমস্যায় পড়ছে তাদের সমর্থন করা যায়। লিয়াজোঁরা পরিবারকে ধারাবাহিক সমর্থন দিবে এবং দীর্ঘমেয়াদি অনুপস্থিতির কারণ এমন সমস্যা সমাধানে কাজ করবে।
- সিরাকিউজ সিটিতে বাস করা এবং টেম্পোরারি অ্যাসিস্টেন্সের জন্য যোগ্য, 4 বছরের কম বয়সের একটি শিশুসহ যেকোনো পরিবারকে বিনামূল্যে ডায়াপার দিতে ওনোন্ডাগা (Onondaga) কাউন্টি CNY ডায়াপার ব্যাংকের (CNY Diaper Bank) সাথে কাজ করবে।

ইরি কাউন্টি ডিপার্টমেন্ট অফ সোশ্যাল সার্ভিসেস (Erie County Department of Social Services) বাফেলো সিটিতে বাস করা দরিদ্র , TANF-এর জন্য যোগ্য পরিবারের উন্নতির দিকে অগ্রসর হওয়া সমর্থন করতে 12.5 মিলিয়ন মার্কিন ডলার ব্যবহার করবে। ইন্সেন্টিভভিত্তিক প্রোগ্রামের লক্ষ্য হলো পরিবার ও শিশুদের জন্য চাকরির ফলাফল উন্নত করা এবং শিশু দারিদ্র্য কম করা। প্রোগ্রামের অংশের মধ্যে আছে লাইফ কোচ, ক্যারিয়ার কোচ, আর্থিক সাক্ষরতা সেবা, সমর্থন ও রিসোর্সের সাথে সংযোগ, এবং সরাসরি নগদ ইন্সেন্টিভ।

- 600টি পর্যন্ত অংশগ্রহণকারী পরিবারের জন্য একটি ইন্সেন্টিভ হিসেবে সরাসরি নগদ পেমেন্ট দেওয়া হবে। প্রতি পরিবারের জন্য মোট 16,000 মার্কিন ডলারের 29টি পর্যন্ত ইন্সেন্টিভ পেমেন্ট পরিবারগুলি পেতে পারে যদি তারা নির্দিষ্ট কিছু বেঞ্চমার্ক পূরণ করে, যেমন ক্যারিয়ার ও লাইফ কোচের সাথে জড়িত হওয়া, সনাক্ত করা লক্ষ্যের দিকে অগ্রসর হওয়া, ট্রেনিং এবং/অথবা শিক্ষা/দক্ষতা বাড়ানোর কর্মকাণ্ডে নাম লেখানো, এবং চাকরি পাওয়া ও ধরে রাখা।
- 300 জন পর্যন্ত অংশগ্রহণকারীর জন্য সেভিংস অ্যাকাউন্ট খোলা হবে এবং অংশগ্রহণকারীর ডিপোজিট করা প্রত্যেক মার্কিন ডলারের জন্য 3 মার্কিন ডলার পাওয়া যাবে, 3,000 মার্কিন ডলার পর্যন্ত।
- গাড়ির মালিক হওয়ার প্রথম ধাপ হিসেবে একটি ড্রাইভার্স লাইসেন্স পেতে আনুমানিক 115 জন অংশগ্রহণকারীকে সহায়তা করা হবে।
- এছাড়াও অংশগ্রহণকারীদের কাছে অনেক ধরণের ওয়ার্কফোর্স ডেভেলপমেন্ট প্রোগ্রামের অ্যাক্সেস থাকবে, যেমন ভর্তুকিসহ চাকরি দেওয়া, চাকরিতে থাকা অবস্থায় ট্রেনিং, নির্দিষ্ট ইন্ডাস্ট্রির জন্য ক্যারিয়ারের পথের প্রোগ্রাম এবং প্রাকশিক্ষানবিশি, ইত্যাদি।

নিউ ইয়র্ককে পরিবার শুরু করা ও বড় করার জন্য সেরা, সবথেকে সাশ্রয়ী স্থান করার ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতির ভিত্তিতে এই উদ্যোগটি গড়ে উঠেছে। তার 2025 স্টেট অফ দ্য স্টেট এবং FY 2026-এর এক্সিকিউটিভ বাজেটে গভর্নরের ঐতিহাসিক বিনিয়োগ নিউ ইয়র্কের প্রত্যেক শিশু ও পরিবারের চাহিদা পূরণ করার জন্য নতুন ধরণের পদক্ষেপকে অগ্রসর করবে:

- গভর্নর Hochul (হোকল) যে চাইল্ড ট্যাক্স (Child Tax) ক্রেডিটকে প্রতি শিশুর জন্য 1,000 মার্কিন ডলার বা 500 মার্কিন ডলারের বাড়িয়েছেন তা পরিবারগুলি যে আর্থিক সমস্যার মুখোমুখি হয়েছে তার সমাধান করবে এবং এটি নিউ ইয়র্ক স্টেটে শিশু দারিদ্র্য উল্লেখযোগ্যভাবে কমিয়ে দিবে বলে ধারণা করা হচ্ছে। সম্পূর্ণ বাস্তবায়িত হলে এই ঐতিহাসিক বিনিয়োগটি পুরো স্টেটের শিশু দারিদ্র্য 8.2 শতাংশ কমাতে পারবে। বিগত বাজেটগুলির মাধ্যমে শিশু দারিদ্র্য কম করতে এই অ্যাডমিনিস্ট্রেশন ইতিমধ্যে যে অগ্রগতি করেছে এটি তাকে অগ্রসর করবে। ভর্তুকি দেওয়া চাইল্ডকেয়ার বাড়ানোর মতো অন্যান্য ব্যবস্থার সাথে মিলে, এখন পর্যন্ত এই অ্যাডমিনিস্ট্রেশনের পদক্ষেপগুলি শিশু দারিদ্র্য 17.7 শতাংশ কম করবে বলে অনুমান করা হয়েছে।
- এছাড়াও গভর্নর নিউ ইয়র্কের সর্বপ্রথম ইনফ্লেশন রিফান্ডের প্রস্তাব করেছেন যা 8.6 মিলিয়ন ট্যাক্সপেয়ারদের পকেটে 3 বিলিয়ন মার্কিন ডলার ফেরত দিবে। 2025 শেষ হওয়ার আগে, নিউ ইয়র্ক স্টেট সাধারণ নিউ ইয়র্কবাসীদের সরাসরি পেমেন্ট পাঠাবে। 300,000 মার্কিন ডলার বা তার কম আয় করা জয়েন্ট ট্যাক্স ফাইলাররা একটি 500 মার্কিন ডলার পেমেন্ট পাবে, এবং 150,000 মার্কিন ডলার বা তার কম আয় করা নিউ ইয়র্কের সকল সিঙ্গেল ট্যাক্সপেয়ার একটি 300 মার্কিন ডলার পেমেন্ট পাবে। এই এককালীন পেমেন্টগুলি নিউ ইয়র্কবাসীদেরকে 2025 সালে অতি প্রয়োজনীয় আর্থিক ত্রাণ দিবে।
- মেডিকেইডে (Medicaid) নাম থাকা এবং কম আয়ের এলাকায় কমিউনিটি অর্গানাইজেশন এবং হাসপাতালের মাধ্যমে সাহায্য চাওয়া গর্ভবতী মায়েদের জন্য মাতৃকালীন স্বাস্থ্য ও নবজাতকের সাপ্লাই বাক্স দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল) Baby2Baby-এর পার্টনার হবেন। বাক্সে থাকবে রিসোর্স, শিক্ষামূলক ম্যাটেরিয়াল, নিজের যত্ন নেওয়ার পণ্য, এবং ডায়াপার, পুরোপুরি বাস্তবায়ন হলে এটি আনুমানিক 100,000 পরিবারের কাছে পৌঁছাবে।
- এছাড়াও গভর্নর Hochul (হোকল) প্রতিবছর কয়েক মিলিয়ন ডায়াপার দিবেন এবং মাতৃকালীন বিহেভিওরাল স্বাস্থ্য সেবা বাড়াবেন। পাশাপাশি, গভর্নর অধিক চাহিদার কমিউনিটিগুলিতে OBGYN প্র্যাকটিসের একই সাথে মেন্টাল হেলথ সেবা দেওয়ার ব্যবস্থা করবেন।
- গর্ভবতী নারী ও নবজাতকদের জন্য গভর্নরের সমর্থনের উপর ভিত্তি করে নিউ ইয়র্ক স্টেটের Birth Allowance for Beginning Year (BABY) বেনিফিটটি নিম্ন আয়ের পাবলিক অ্যাসিস্টেন্স প্রাপকদেরকে গর্ভবতী থাকা অবস্থায় মাসিক 100 মার্কিন ডলার বেনিফিট দিবে এবং জন্মের সময় একটি 1,200 মার্কিন ডলারের বেনফিট দিবে। এটি হাজার হাজার নিউ ইয়র্ক পরিবারের জন্য গৃহস্থালির আয় বাড়িয়ে দিবে।
- পাশাপাশি, পুরো হাউজিং ইন্ডাস্ট্রিতে থাকা ব্যাপক মূল্যায়ন পক্ষপাত, যা অশ্বেতাঙ্গ কমিউনিটির পরিবারগুলির থেকে অন্যায্যভাবে একটি বাড়ি কেনার উপায় কেড়ে নেয়,

তার বিরুদ্ধে পদক্ষেপ নিতে গভর্নর Hochul (হোকল) একাধিক ব্যবস্থা গ্রহণ করার প্রস্তাব করেছেন যা বৈষম্যমূলক মূল্যায়ন প্র্যাকটিসকে বেআইনি করবে, মূল্যায়নের ক্ষেত্রে বৈষম্য বিরোধী নীতিমালা কার্যকর করবে, এবং মূল্যায়নের ওয়ার্কফোর্সকে ডাইভার্সিফাই করবে।

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ টেম্পোরারি অ্যান্ড ডিজেবিলিটি অ্যাসিস্টেন্সের (Office of Temporary and Disability Assistance) কমিশনার Barbara C. Guinn (বারবারা সি গুইন) বলেন, "দারিদ্র্য একটি বাস্তবতা যা অনেক বেশি শিশুদের ও তাদের পরিবারের জীবনকে প্রভাবিত করে, তাদের সুযোগ এবং সম্ভাবনাকে সীমিত করে দেয়। গবেষণায় দেখা যায় যে এইসব স্থানীয়ভাবে চালিত দারিদ্র্য বিরোধী উদ্যোগে যেসব ফোকাস করা সমর্থন ও সহায়তা থাকে, যেমন ভাড়ার ভর্তুকি, মাতৃকালীন স্বাস্থ্য সমর্থন, আর্থিক কোচিং, স্কুলে উপস্থিতির ইন্সেন্টিভ, নগদ সাহায্য, এগুলি পরিবারের সুস্থতা এবং শিশু ও পরিবারের অর্থনৈতিক নিরাপত্তা উন্নত করতে কার্যকর। রচেস্টার, বাফেলো, এবং সিরাকিউজে এইসব প্রোগ্রাম বাস্তবায়ন করতে আমরা উৎসাহী, এবং কর্মজীবী পরিবারের উন্নতি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য আমাদের স্টেটকে আরো বাসযোগ্য ও সাশ্রয়ী করার এজেন্ডাকে অগ্রাধিকার দেওয়ার জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রতি আমরা কৃতজ্ঞ।"

সিনেটের মেজোরিটি লিডার Charles Schumer (চার্লস শুমার) বলেন, "আর্থিক সাক্ষরতা থেকে শুরু করে চাকরির ট্রেনিং উন্নত করা এবং প্যারেন্টিংয়ের দক্ষতা বাড়ানো এবং বাফেলো, রচেস্টার ও সিরাকিউজে স্থিতিশীল হাউজিংয়ের জন্য সমর্থন বাড়ানো পর্যন্ত এই উদ্যোগটি হলো আমাদের শিশু, আমাদের ভবিষ্যৎ এবং সাহায্য প্রয়োজন এমন পরিবারদের জন্য আরো ভালো জীবন গঠন করতে একটি বিনিয়োগ। আমাদের সকল শিশুদের একটি উজ্জ্বল ভবিষ্যতের জন্য সেরা সুযোগ দিতে এবং এইসব লক্ষ্য অর্জনে গভর্নর Hochul-এর (হোকল) চেষ্টাকে সমর্থন করতে রিসোর্স দেওয়ার লড়াই আমি সবসময় চালিয়ে যাবো।"

রিপ্রেজেন্টেটিভ Joe Morelle (জো মোরেল) বলেন, "শিশু ও পরিবারকে দারিদ্র্য থেকে বের করে আনা সবসময়ই আমার শীর্ষ অগ্রাধিকারগুলির একটি। মানসম্পন্ন হেলথকেয়ার এবং হাউজিংয়ের সুযোগকে আরো সাশ্রয়ী করার মাধ্যমে খরচ কমাতে এবং যাদের প্রয়োজন সবথেকে বেশি তাদের পকেটে সরাসরি অর্থ ফেরত দিতে আমাদের চেষ্টার ব্যাপারে এইট অতি গুরুত্বপূর্ণ অগ্রগামী ধাপ। এই গুরুত্বপূর্ণ ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ, এবং পুরো রচেস্টারে প্রজেক্ট Prosper বাস্তবায়ন করতে তার সাথে এবং মনরো (Monroe) কাউন্টির এক্সিকিউটিভ Adam Bello-এর (অ্যাডাম বেলো) সাথে কাজ করতে আমি উৎসাহী।"

রিপ্রেজেন্টেটিভ Timothy Kennedy (টিমোথি কেনেডি) বলেন, "গুরুত্বপূর্ণ এই দারিদ্র্য বিরোধী উদ্যোগটি পরিশ্রমী পিতামাতার উন্নতি করবে এবং তাদের সন্তানদের সমৃদ্ধি নিশ্চিত করতে সাহায্য করবে। এই তহবিলটি পরিবারগুলিকে এমন রিসোর্সের সাথে সংযুক্ত করে দিবে যা তাদের জীবন বদলে দিতে পারবে। নিউ ইয়র্ককে আরো সাশ্রয়ী করতে এবং এইসব পরিবারকে নতুন সুযোগের অ্যাক্সেস দিতে কর্মজীবী পরিবারের জন্য লড়াই আমি ওয়াশিংটনে চালিয়ে যাবো।"

রিপ্রেজেন্টেটিভ John W. Mannion (জন ডব্লিউ ম্যানিয়ন) বলেন, "সফল হওয়ার একটি সুযোগ প্রত্যেক শিশুর প্রাপ্য এবং আমাদের কমিউনিটিগুলিকে, বিশেষ করে সিরাকিউজের মতো আর্বান সেন্টারগুলিকে দারিদ্র্য থেকে বের করে আনার ব্যাপারে আমি প্রতিশ্রুতিবদ্ধ। এটি একটি জেনারেশনাল চ্যালেঞ্জ, কিছু আমাদের স্কুলগুলির জন্য অর্থপূর্ণ বিনিয়োগ করার, আসার পরিবেশ তৈরি করা, স্থিতিশীল হাউজিং দেওয়া, এবং সফল প্রোগ্রামের স্কেল বাড়ানোর জন্য এটি একটি সুযোগও বটে। গভর্নর Hochul-এর (হোকল) এই চেষ্টায় আমি তার সাথে যোগ দিচ্ছি এবং ওনোন্ডাগা কাউন্টিতে এইসব জীবন পরিবর্তনকারী পরিবর্তনের ব্যাপারে তার নেতৃত্বের প্রশংসা করছি।"

স্টেটের সিনেটর Christopher Ryan (ক্রিস্টোফার রায়ান) বলেন, "সিরাকিউজ এবং সেন্ট্রাল নিউ ইয়র্কের শিশু ও পরিবারের চাহিদা পূরণ করতে গভর্নর Kathy Hochul-এর ক্যাথি হোকল) প্রতিশ্রুতির জন্য আমি আমার কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। রচেস্টার, বাফেলো এবং সিরাকিউজে 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ দারিদ্র্য কমাতে সাহায্য করার এবং যেসব পরিবারের প্রয়োজন সবথেকে বেশি তাদের সুস্থতা উন্নত করতে অতি প্রয়োজনীয় রিসোর্স দিবে। স্টেট , কাউন্টি এবং স্থানীয় নেতাদের মধ্যে শক্তিশালী সহযোগিতামূলক কাজের মাধ্যমে গঠিত এই উদ্যোগটি নিশ্চিত করবে যাতে আমাদের অঞ্চলের চেষ্টা সেসব পরিবারের বাস্তব চাহিদা ও মতামত অনুসারে হয় যাদের আমরা সেবা দিয়ে থাকি। এই রূপান্তরমূলক পন্থাকে সমর্থন করতে পেরে আমি গর্বিত, এবং সিরাকিউজে এবং পুরো সেন্ট্রাল নিউ ইয়র্কে আমাদের শিশু ও পরিবারের জন্য দীর্ঘস্থায়ী পরিবর্তন তৈরি করার জন্য একসাথে কাজ করতে আমি উৎসাহী।"

স্টেটের সিনেটর April N.M. Baskin (এপ্রিল এন এম বাসকিন) বলেন, "একটি শিশুর জীবনে যদি দারিদ্র্যের চক্র ভাঙ্গা না হয়, তাহলে তার বিধ্বংসী প্রভাব প্রায়ই সারা জীবন ধরে ভুগতে হয়। বাফেলো এবং অন্যান্য আপস্টেট সিটিতে করা এই বিনিয়োগ অতি গুরুত্বপূর্ণ কারণ আমাদের কমিউনিটিগুলি সবথেকে দরিদ্রগুলির মধ্যে আছে, যা শুরু করার একটি সুযোগ পাওয়ার আগেই শিশুদের পিছিয়ে দেয়। এইসব অতি গুরুত্বপূর্ণ তহবিল থেকে পাওয়া রিসোর্স এলাকার শিশুদের সমৃদ্ধি করতে, এবং সেই সাথে তাদের ও তাদের পরিবারের জীবন উন্নত করতে নাটকীয় ও ভালো সাহায্য করতে পারবে।"

স্টেটের সিনেটর Jeremy Cooney (জেরেমি কুনি) বলেন, "পুরো আপস্টেট নিউ ইয়র্কে শিশু দারিদ্র্যের হার অত্যন্ত খারাপ, বিশেষ করে রচেস্টার সিটিতে যেখানে আমাদের শিশুদের অর্ধেকের বেশি দারিদ্র্য সীমার নিচে বাস করে। যেসব কমিউনিটির প্রয়োজন সবথেকে বেশি সেখানকার স্থানীয় অর্গানাইজেশনগুলির জন্য তহবিল আনতে, গ্রহণ করা যায় না এমন শিশু দারিদ্র্যের হারের মোকাবেলা করতে, এবং পরবর্তী জেনারেশনের নিউ ইয়র্কবাসীদের জন্য আরো উজ্জ্বল ভবিষ্যতের পথ তৈরি করতে গভর্নর Hochul-এর (হোকল) পার্টনারশিপের জন্য তাকে ধন্যবাদ।"

স্টেটের সিনেটর Sean Ryan (শন রায়ান) বলেন, "ফেডারেল সরকার যখন এমন প্রোগ্রাম বাতিল করতে কাজ করছে যার উপর নিউ ইয়র্কবাসীরা নির্ভর করে এবং দাম কমানোর প্রতিজ্ঞা পূরণে ব্যর্থ হচ্ছে, তখন আমাদের সবথেকে দুর্বল কমিউনিটিগুলির উন্নতি করতে নিউ ইয়র্কে আমরা কঠোর পরিশ্রম করছি। স্টেটের এই তহবিলটি অভাবী পরিবারদের সুরক্ষা করবে এবং অনেক লম্বা সময় ধরে আমাদের সিটিকে জর্জরিত করে রাখা শিশু দারিদ্র্যের বিবেকহীন বেশি

হার সমাধানে বাফেলোকে সাহায্য করার জন্য আরেকটি হাতিয়ার দিবে। এই অতি জরুরিভাবে গুরুত্বপূর্ণ বিষয় সমাধানে গভর্নর Hochul-এর (হোকল) ধারাবাহিক চেষ্টার জন্য আমি তাকে ধন্যবাদ জানাচ্ছি।"

স্টেটের সিনেটর Rachel May (রেচেল মে) বলেন, "সেন্ট্রাল নিউ ইয়র্কের বহু পরিবার দৈনিক চাহিদা পূরণ করতে হিমশিম খাচ্ছে। বাড়তে থাকা ভাড়া এবং অবিচল থাকা খাবারের অধিক দামের কারণে খাদ্য, ইউটিলিটি, এবং অন্যান্য অতি প্রয়োজনীয় জিনিসের মৌলিক চাহিদা পূরণ করা আরো কঠিন হয়ে চলেছে। দারিদ্র্য বিরোধী প্রোগ্রামের জন্য 50 মিলিয়ন মার্কিন ডলার তহবিল দেওয়ার গভর্নর Hochul-এর (হোকল) ঘোষণাটি আমাদের অঞ্চলে দারিদ্র্যের মৌলিক কারণ সমাধান করতে উল্লেখযোগ্যভাবে সাহায্য করবে। আমাদের আরো বেশি প্রতিবেশীকে দারিদ্র্য থেকে বের করে আনতে থাকার জন্য গভর্নর Hochul (হোকল) এবং সিনেট মেজোরিটিতে আমার কলিগদের ধন্যবাদ।"

অ্যাসেম্বলির মেজোরিটি লিডার Crystal Peoples-Stokes (ক্রিস্টাল পিপলস-স্টোকস) বলেন, "কষ্টে থাকা পরিবারকে নিজেদের স্বাস্থ্য, বাসা, এবং সুস্থতা ধরে রাখতে সাহায্য করার জন্য স্টেট সবথেকে গুরুত্বপূর্ণ যে ব্যবস্থাগুলি গ্রহণ করতে পারে তার মধ্যে দারিদ্র্য কমানো একটি। বাফেলো, রচেস্টার, এবং সিরাকিউজে দারিদ্র্য কমানোর ব্যাপারে গভর্নর Hochul-এর (হোকল) প্রতিশ্রুতিকে আমি স্বাগত জানাচ্ছি এবং আমার কমিউনিটিতে এবং তার বাইরেও এর ভালো ফলাফল দেখার জন্য আগ্রহী।"

অ্যাসেম্বলির সদস্য Al Stirpe (অ্যাল স্টির্পে) বলেন, "আমাদের স্থানীয় কমিউনিটিগুলি সবথেকে কঠিন যে লড়াইগুলির মুখোমুখি হয়ে চলেছে তার একটির বিরুদ্ধে লড়াই করার জন্য সত্যিকারের প্রতিশ্রুতি গভর্নর Hochul-এর (হোকল) আজকের ঘোষণাটি দেখায়। সিরাকিউজে অনেক দিন ধরে পুরো দেশের মধ্যে শিশু দারিদ্র্যের সবথেকে বেশি হারগুলির কিছু আছে এবং দীর্ঘদিনের এবং জেনারেশনাল এই সমস্যার মোকাবিলা করার দায়িত্ব নেওয়া আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ। গভর্নর Hochul-এর (হোকল) নেতৃত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই যার কারণে ওনোন্ডাগা কাউন্টির জন্য এই রিসোর্সগুলি সম্ভব হয়েছে, আমাদের যেসব শিশু ও পরিবারের চাহিদা সবথেকে বেশি তাদের উন্নতিতে সাহায্য করা যাচ্ছে এবং আমাদের ভবিষ্যৎ জেনারেশনগুলির সুস্থতায় টেকসই নিবেদন দেখানো যাচ্ছে।"

অ্যাসেম্বলির সদস্য Andrew Hevesi (অ্যান্ড্রু হিভেসি) বলেন, "আমাদের ঠিক যেখানে প্রয়োজন, সিরাকিউজ, রচেস্টার, এবং বাফেলোতে, যেখানে দুর্ভাগ্যবশত পুরো দেশের মধ্যে শিশু দারিদ্র্যের সর্বোচ্চ হারগুলির কিছু রয়েছে, সেখানে এইসব দারিদ্র্য বিরোধী তহবিল দেওয়ার কারণে গভর্নর Hochul-এর (হোকল) প্রতি আমি কৃতজ্ঞ। আমাদের আপস্টেট কমিউনিটি, পরিবার এবং শিশুদের জন্য এই সহায়তা দিতে এক্সিকিউটিভদের সাথে কাজ করার জন্য স্পিকার Heastie (হিস্টি), মেজোরিটি লিডার Stewart-Cousins (স্টুয়ার্ট-কাজিন্স) এবং আমার সকল কলিগদের ধন্যবাদ।"

অ্যাসেম্বলির সদস্য William Magnarelli (উইলিয়াম ম্যাগনারেলি) বলেন, "সিরাকিউজে দেশের মধ্যে সর্বোচ্চ শিশু দারিদ্র্যের হারের একটি আছে যেখানে সিটির প্রায় অর্ধেক শিশু দারিদ্র্য সীমার নিচে রয়েছে। সিরাকিউজ এবং অন্যান্য আপস্টেট সিটিতে বিনিয়োগ করার

মাধ্যমে হাউজিং, চাইল্ড কেয়ার, চাকরি এবং পরিবহনের অ্যাক্সেসের সুযোগ বাড়িয়ে দিয়ে আমাদের কমিউনিটিগুলির সুস্থতা উন্নত করতে গভর্নর প্রতিশ্রুতিবদ্ধ আছেন।"

অ্যাসেম্বলির সদস্য Harry B. Bronson (হ্যারি বি ব্রন্সন) বলেন, "Child Poverty Reduction Act-এর প্রধান অ্যাসেম্বলি স্পন্সর হিসেবে আমি এই বাড়তি 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের জন্য গভর্নরের প্রশংসা করছি, যা দারিদ্র্যে বাস করা শিশু ও পরিবারের চাহিদা পূরণ করবে, যা সুযোগ ও রিসোর্সের মাধ্যমে পরিবারের উন্নতিকে অগ্রাধিকার দিবে। ধন্যবাদ, গভর্নর Hochul (হোকল), রচেস্টারকে সমৃদ্ধি, সুযোগ এবং সমতার সিটি বানাতে আপনার ধারাবাহিক এবং নতুন সমর্থন ও পার্টনারশিপের জন্য, যাতে করে আমরা অবশেষে দারিদ্র্যে বাস করা শিশু ও পরিবারের এই মহামারীকে শেষ করতে পারি।"

অ্যাসেম্বলির সদস্য Sarah Clark (সারা ক্লার্ক) বলেন, "আমরা জানি যে ব্যবস্থাগত দারিদ্র্য হলো পুরো স্টেটে আমাদের সবথেকে বড় সমস্যাগুলির অনেকগুলির কারণ। স্টেটের মধ্যে সর্বোচ্চ শিশু দারিদ্র্যের হারের একটিসহ একটি অঞ্চলে সেবাদান করার সময় বার বার এটি অনুভূত হয় যে শিশু ও পরিবারে আমাদের আরো কত বেশি বিনিয়োগ করা প্রয়োজন, যা অ্যাসেম্বলিতে আমার শীর্ষ অগ্রাধিকার। আপস্টেট নিউ ইয়র্কে আমাদের সবথেকে মার্জিনালাইজ কমিউনিটিগুলিতে 50 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগ ঘোষণা করার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ। এই তহবিলগুলি পরিবারগুলিকে জেনারেশনাল দারিদ্র্য থেকে বের হয়ে আসতে সাহায্য করবে এবং নিশ্চিত করবে যাতে আমাদের শিশুদের সবথেকে জরুরি চাহিদাগুলি আরো ভালোভাবে পূরণ করা যায়।"

অ্যাসেম্বলির সদস্য Pamela Hunter (পামেলা হান্টার) বলেন, "আমাদের শিশু ও পরিবারে বিনিয়োগ করা হলো আরো শক্তিশালী, আরো সমৃদ্ধ নিউ ইয়র্কের ভিত্তি। আমার দায়িত্ব পালনের পুরো সময়ে, সিরাকিউজের শিশু দারিদ্র্য সমাধান করার জন্য সবথেকে ব্যাপক ও কঠিন সমস্যাগুলির একটি হয়ে আছে। এই 50 মিলিয়ন মার্কিন ডলার প্রতিশ্রুতি দিয়ে আমরা দারিদ্র্যের চক্র ভাঙ্গার সিদ্ধান্তমূলক পদক্ষেপ নিচ্ছি, এবং রচেস্টার, বাফেলো, এবং সিরাকিউজের পরিবারের জন্য বাস্তব সুযোগ তৈরি করছি। স্থানীয়ভাবে চালিত সমাধানকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যাতে সমস্যার সবথেকে কাছে যারা আছে তাদের কাছে দীর্ঘস্থায়ী পরিবর্তন তৈরি করার জন্য প্রয়োজনীয় রিসোর্স থাকে। তার নেতৃত্বের জন্য এবং আমাদের সবথেকে দুর্বল কমিউনিটিগুলির উন্নতই শুধু সঠিক কাজ নয়, বরং আমাদের স্টেটের ভবিষ্যতের জন্য যে এটি অতি আবশ্যক তা বুঝতে পাড়ার জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) প্রশংসা করছি।"

মনরো কাউন্টির এক্সিকিউটিভ Adam Bello (অ্যাডাম বেলো) বলেন, "প্রজেক্ট Prosper কৌশলী উদ্যোগ তৈরি করবে যা পরিবারগুলিকে স্থিতিশীল হাউজিং, চাকরির সমর্থন, চাইল্ডকেয়ার, গর্ভবতী মায়েদের জন্য সহায়তা যা মাতৃকালীন এবং নবজাতকের স্বাস্থ্য ফলাফল উন্নত করবে, এবং পরিবারগুলিকে স্থিতিশীল হাউজিংয়ে নিরাপদ থাকতে সাহায্য করার জন্য টার্গেটেড ভাড়ার ভর্তুকির সাথে যুক্ত করে দিবে। এই তহবিলটি আমাদের পুরো কমিউনিটির টার্গেটেড জিপ কোডে দারিদ্র্য কম করার বাস্তব, পরিমাপযোগ্য উপায় তৈরি করে দিবে। এই 25 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের জন্য এবং কমিউনিটিচালিত Rochester-Monroe County

Anti-Poverty উদ্যোগের বহু সুপারিশ গ্রহণ করার জন্য এবং সেগুলিকে বাস্তবে পরিণত করার জন্য আমরা গভর্নর Hochul-এর (হোকল) প্রতি কৃতজ্ঞ।"

ইরি (Erie) কাউন্টির এক্সিকিউটিভ Mark C. Poloncarz (মার্ক সি পোলোনকার্জ) বলেন, "পরিবার ও শিশুর মধ্যে দারিদ্র্য কম করা হলে তা আরো উন্নত, আরো স্বাস্থ্যকর এবং আরো ফলপ্রসূ জীবনের পথে নিয়ে যেতে তাদের সাহায্য করে। এই তহবিলটি TANF-এর জন্য যোগ্য পরিবারকে এমন সমর্থন ও সেবা পাওয়ার সুযোগ দিবে যা নতুন দক্ষতা অর্জন করতে, নিজদের আর্থিক সাক্ষরতা উন্নত করতে এবং আরো উন্নত ভবিষ্যৎ গঠন করতে তাদের প্রয়োজন। দারিদ্র্যের হার কমানোর ব্যাপারে এবং বাফেলো, এবং নিউ ইয়র্ক স্টেটকে পরিবার বড় করার জন্য একটি দারুণ স্থান করতে তার ধারাবাহিক মনযোগের জন্য আমি গভর্নর Hochul-এর (হোকল) ধন্যবাদ জানাচ্ছি।"

ওনোন্ডাগা কাউন্টির এক্সিকিউটিভ Ryan McMahon (রায়ান ম্যাকমাহন) বলেন, "দারিদ্র্যে বাস করা আমাদের কমিউনিটির সদস্যদেরকে কাছে পৌঁছানো ও তাদের প্রয়োজনীয় রিসোর্সের সাথে একটি সার্বিক ও সামগ্রিক উপায়ে যুক্ত করার জন্য আমার অ্যাডমিনিস্ট্রেশন নিরলসভাবে কাজ করেছে। দারিদ্র্যের জেনারেশন চক্র ভাঙ্গতে কাজ করা আমাদের সফল 2Gen Onondaga Pilot প্রজেক্ট থেকে শুরু করে চাকরি খুঁজতে এবং ধরে রাখতে আগ্রহী পিতামাতার জন্য বাড়তি সমস্যা যোগ না করে আমাদের শিশুদেরকে সমর্থন করতে আমাদের স্কুলগুলির সাথে কাজ করা পর্যন্ত, দারিদ্র্যের মূল কারণ সমাধান করার ব্যাপারে ওনোন্ডাগা কাউন্টি অবশেষে বাস্তব অগ্রগতি করছে। এখনো অনেক কাজ বাকি আছে এবং এইসব স্টেট তহবিলের কারণে আমরা সত্যিকারের বাস্তবসম্মত একটি উপায়ে আমাদের চেষ্টাকে অগ্রসর করতে ও এর স্কেল বাড়াতে পারবো। নিউ ইয়র্ক স্টেট এবং আজকের দিনকে সম্ভব করার জন্য সাহায্য করার সকল কমিউনিটি পার্টনারকে ধন্যবাদ।"

রচেস্টারের মেয়র Malik D. Evans (মালিক ডি ইভান্স) বলেন, "প্রজেক্ট Prosper নিউ ইয়র্ক স্টেট, মনরো কাউন্টি এবং রচেস্টার সিটির রিসোর্সকে একত্রিত করে যাতে আমাদের সবথেকে দুর্বল বাসিন্দাদের সমর্থন করা যায় এবং দারিদ্র্যের সবথেকে কঠিন পরিণতিগুলির মধ্যে কয়েকটির সমাধান করে: নবজাতকের মৃত্যর হার, ভাড়ার চাপ, এবং অর্থনৈতিক স্থবিরতা। এই তহবিল দেওয়ার জন্য আমি গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল), এবং সেই সাথে বহু কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশনকে ধন্যবাদ জানাতে চাই যাদের ইনসাইট আমাদেরকে এইসব নতুন ধরণের কৌশল তৈরি করতে সাহায্য করেছে। গভর্নর Hochul (হোকল) এবং মনরো কাউন্টির সাথে আমাদের পার্টনারশিপের কারণে আমরা রচেস্টারের সবথেকে গরীব এলাকাগুলির বাসিন্দাদেরকে তাদের প্রাপ্য বিনিয়োগ দিতে পারছি।"

বাফেলোর মেয়র Christopher P. Scanlon (ক্রিস্টোফার পি স্ক্যানলন) বলেন, "তিন সন্তানের বাবা হিসেবে আমি নিজের অভিজ্ঞতা থেকে জানি নিজেদের শিশুদের জন্য সুযোগ নিশ্চিত করতে এবং সমৃদ্ধি করার জন্য তাদের প্রয়োজনীয় চাহিদাকে সমর্থন করা কতটা কঠিন। বাফেলোতে গভর্নর Hochul-এর (হোকল) বিনিয়োগ পরিবারকে দারিদ্র্য থেকে বের করে আনতে, অর্থনৈতিক স্থিতিশীলতার এবং আমাদের শিশুদের জন্য আরো উজ্জ্বল ভবিষ্যতের একটি পথ তৈরি করতে অতি গুরুত্বপূর্ণ রিসোর্স দিবে। এই তহবিলটি শুধু আর্থিক সহায়তা না, এটির উদ্দেশ্য হলো ক্যারিয়ার কোচিং থেকে শুরু করে আর্থিক সাক্ষরতা এবং ওয়ার্কফোর্স

ডেভেলপমেন্ট পর্যন্ত সফল হওয়ার জন্য হাতিয়ার দিয়ে পরিবারের ক্ষমতায়ন করা। বাফেলো সিটির পরিবারের উপর বিনিয়োগের জন্য আমি গভর্নরকে ধন্যবাদ জানাতে চাই এবং আমাদের পুরো সিটির পরিবারগুলির উপর এর প্রভাব দেখার জন্য আমি আগ্রহী।"

সিরাকিউজের মেয়র Ben Walsh (বেন ওয়ালশ) বলেন, "সিরাকিউজ সিটিতে সমর্থন পাওয়া প্রোগ্রামগুলি শিশুদের বাসা ও শিক্ষা এবং বর্তমান চাহিদা পূরণে পিতামাতার ক্ষমতা নিয়ে কাজ করছে এবং একই সাথে চাকরির মাধ্যমে তাদের দারিদ্র্য থেকে বের হয়ে আসার ক্ষমতা বাড়িয়ে দিচ্ছে। এটি এমন ধরণের সার্বিক একটি উপায় যা দারিদ্র্য থেকে বের হয়ে আসার একটি পথও তৈরি করে এবং সেই সাথে সফলভাবে সেই পথে চলতে পরিবারকে সমর্থনও করে। সিরাকিউজে শিশু দারিদ্র্যের বিরুদ্ধে লড়াই করতে এইসব রিসোর্স দেওয়ার প্রতিশ্রুতির জন্য গভর্নর Hochul-এর (হোকল) প্রতি এবং এইসব প্রোগ্রামে আমাদের সাথে কাজ করার জন্য ওনোন্ডাগা কাউন্টিতে আমাদের পার্টনারদের প্রতি আমি কৃতজ্ঞ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন